



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৮৫

কর্মচারী কল্যাণ বোর্ডের সেবার মানোন্নয়ন ও ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

রাজশাহী; ২২ কার্তিক (৭ নভেম্বর):

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাসমূহের মানোন্নয়ন ও ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ বিষয়ক এক কর্মশালা আজ (৭ নভেম্বর) রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বিভাগীয় কমিশনার কার্যালয় এবং কর্মচারী কল্যাণ বোর্ডের রাজশাহী বিভাগীয় কার্যালয় যৌথভাবে এ কর্মশালা আয়োজন করে।

বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ, এনডিসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুঃ মোহসিন চৌধুরী, মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ডিআইজি মোঃ রশীদুল হাসান এবং অতিরিক্ত পুলিশ কমিশনার বিজয় বসাক। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের পরিচালক একেএম ফজলুজ্জোহা কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন এবং কর্মচারী কল্যাণ বোর্ডের চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের পরিচালক মোঃ নওয়াব আসলাম হাবীব মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

কর্মশালায় বক্তাগণ বলেন, কর্মরত ও অবসর প্রাপ্ত প্রায় ১৮ লক্ষ কর্মচারী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবা গ্রহীতা। পূর্বে এ বোর্ডের সেবা প্রদানে দীর্ঘসূত্রিতাসহ নানা বিড়ম্বনা থাকলেও এখন কিন্তু সেবা প্রদান সহজ হয়েছে এবং যথেষ্ট দ্রুততার সাথে সেবা প্রদান করা হচ্ছে। সেবার পরিধি ও মানোন্নয়নের লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে কর্মশালা আয়োজনের ধারাবাহিকতায় আজ রাজশাহীতে এ কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে।

রাজশাহী বিভাগের বিভাগীয় পর্যায়ের দপ্তর প্রধানগণ এবং আট জেলার অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তারা কর্মচারী কল্যাণ বোর্ডের সেবার পরিধি ও মানোন্নয়নের লক্ষ্যে নানা সুপারিশ তুলে ধরেন।

.....
তৌহিদ/হালিম/২০২২/১৭.০০ঘ.